


বায়ু শক্তির ব্যবহার সামাজিকভাবে দায়িত্বশীলতা বাড়ায় এবং খরচের দিক থেকেও সাশ্রয়ী করে।

- পরিবেশ রক্ষা এবং প্রাকৃতিক আবাসন পুনরুদ্ধার - বাংলাদেশ অধিক জনসংখ্যাবহুল একটি দেশ, একই সাথে এর জনসংখ্যার ঘনত্বও বেশি। ফলে, বন, পুকুর এবং নদীর ওপর অনিবার্য চাপ পড়ছে। কিন্তু, শিল্পখাতের প্রয়োজনে এসকল সম্পদ নষ্ট করাটা মোটেই ঠিক নয় কেননা পরিবেশ ওপর এর ব্যাপক প্রভাব পড়ছে। সামাজিকভাবে দায়িত্বশীল বাংলাদেশী নাগরিককে অবশ্যই প্রাকৃতিক আবাসন লালন ও পুনরুদ্ধার করতে হবে এবং ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে পরিবেশকে রক্ষা করতে হবে।

ন্যায্য পরিচালনা ব্যবস্থা

ন্যায্য পরিচালনা ব্যবস্থা বলতে বোঝায় প্রতিষ্ঠান ও এর বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে ন্যায্য বা নৈতিক আচরণ করা, যার মধ্যে অন্তর্ভুক্ত হচ্ছে প্রতিষ্ঠান ও সরকারি সংস্থাগুলোর মধ্যকার সম্পর্ক, একই সাথে প্রতিষ্ঠান ও তার অংশীদার, সাপ্লাইয়ার, ঠিকাদার, ক্রেতা, প্রতিদ্বন্দ্বি এবং তারা যেসকল সংগঠনের সদস্য তাদের মধ্যবর্তী সম্পর্ক। যখন প্রতিষ্ঠানগুলো সং ও ন্যায্যসঙ্গতভাবে পরস্পরের সাথে কাজ করে, তখন নিম্নের পরিচালনা অনুশীলনগুলো কার্যকর হওয়া সম্ভব:



দুনীতি হচ্ছে একটি অন্যায় কাজ যা অসমীচীন প্রাপ্তির জন্য মানুষ করে থাকে এবং দায়িত্ববোধ-এর অভাব, লোভ, ব্যক্তিগত আগ্রহ, কিছু না করেই ধনী হবার ইচ্ছা, অপরিপাক্ষিত দক্ষতাসম্পন্ন ব্যক্তির উচ্চাভিলাষ এবং ধনলিপ্সা এই অন্যায় কাজে একজন ব্যক্তিকে উদ্বুদ্ধ করে।^১ বাংলাদেশী পাবলিক-প্রাইভেট কোম্পানিসমূহ এবং ইন্সটিটিউটগুলোর দুনীতি রোধ করতে বিশেষ যত্নশীল হতে হবে। প্রতিটি কোম্পানিরই নিজস্ব দুনীতি দমন নীতি থাকা উচিত যাতে নিষিদ্ধ কর্মকাণ্ড-কে চিহ্নিত করে সেসকল দুনীতিতে যুক্ত থাকার শাস্তির তালিকা থাকবে এবং সকলের ক্ষেত্রেই এই নীতি কড়াকড়িভাবে মানা উচিত।

^১ <http://www.humanrights.asia/resources/journals-magazines/article2/0901/08anti-corruption-mechanisms-in-bangladesh>